দলিল নং ........................ খতিয়ান নং ........................

# সাফ বিক্রয় কোবালা



—ঃ মোসাবিদাকারক ঃ

শ্রী দেবব্রত হালদার

এডভোকেট,

বারাসাত জজেস্ কোর্ট

02734      5-02409      **1000Rs.**

**INDIA NON JUDICIAL**

२000रु.    सत्यमेव जयते    भारत    R$ 1000

एक हज़ार रुपये    ONE THOUSAND RUPEES

182-196

Admissible under rule 21 and the S/S 5 (1) of the W. B. L. R. Act. 1955 duty Stamped Exempt from does not require stamp duty under the Indian Stamp Act 1899. Scheduly I. A. No. 89 Fees Paid A-26400 Rs. 10/-

1230 – 146   141   12.96   175

Addl. District Sub-Registrar Bidhannagar, Salt Lake City.
09/08/06

A. 825/-
09/08/06



Narayan ch Halder

Narayan ch Halder

Draft No. 305736 dt. 13/02/06
Bk. Amount Rs. 4510
Total S. D. + D. D. 6402

1500   23   25,500   8261   175

# সাফ বিক্রয় কোবালা

মূল্য মং - ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা

কোবালাপত্র গ্রহীতা ঃ-

শ্রীমতী রীতা দাস, স্বামী - শ্রী শ্যামল দাস,

সাং - ৪ নং ডঃ সুরেশ সরকার রোড, থানা - এন্টালী,

কোলকাতা - ৭০০ ০১৪, জাতিয়তায় - ভারতীয়,

ধর্ম্মে - হিন্দু, পেশা - গৃহস্থালী।

.......... ক্রেতা

Recorded

(ক্রমশ ——২)

নং— ১৪০৭

নাম ও তারিখ— ১২/০৪/০৪

ক্রেতার নাম— শ্রীমতী [illegible]

সাকিন— [illegible]

ষ্ট্যাম্প মূল্য— ১০০০.

বেন্ডার— [illegible]

বারাসাত কোর্ট, উত্তর ২৪ পরগণা

বেন্ডার—শ্রীহারাণ চন্দ্র সাহা

টি, জি, নং—

তারিখ— 2.9.04

ষ্ট্যাম্প মূল্য— [illegible]

ফিরতি আসল বাবদ

…………… টাকা

…………… দরে

মূল্যের ষ্ট্যাম্প না থাকায় …… করিলাম।

স্বাঃ

ষ্ট্যাম্প ভেন্ডার বারাসাত

1578

10/50

Narayan ch. Halder

Narayan ch Halder

4894

ADD. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

15 APR 2004

Narayan ch Halder
Jadab ch Halder
Sylet gani Colony
P.S. Haguakati

Narayan ch Halder

Shekhar Bhowmick
Late Sachindra
Nath Bhowmick
8/7 Narayan
Road, Kol-
59

ADD. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

15 APR 2004

500Rs.






Rita Das.

Narayan Ch Halder

(২)

কোবালাপত্র দাতা ঃ—

শ্রী নারায়ণ চন্দ্র হালদার, পিতা - যাদব চন্দ্র হালদার,

সাং - শুলংগুড়ী কলোনী, পোঃ - গৌরাঙ্গ নগর,

থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা,

কোলকাতা - ৫৯, জাতিয়তায় - ভারতীয়,

ধর্ম্মে - হিন্দু, পেশা - চাষাবাদ।

......... বিক্রেতা

কস্য শুভ নির্দ্দায়, নির্দ্দোষ নির্ব্বিবাদে, নিব্যূঢ় স্বত্বে অন্যের নিরাংশে, মালিক তুল্যাংশে, পরিস্কার ও মুক্তাবস্থায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ স্থাবর সম্পত্তির এককেতা সাফ কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা উত্তর ২৪ পরগণা, থানা রাজারহাট, কলিকাতা পরগণা স্থিত,

(ক্রমশ —— ৩)

নং— ১৪০৮

সন ও তারিখ— ১২/০৪/০৪

ক্রেতার নাম—

সাকিন—

ষ্ট্যাম্প মূল্য— ৫০০

ভেন্ডার—

বারাসাত কোর্ট, উত্তর ২৪ পরগনা

ভেন্ডার—শ্রী হারাধন চন্দ্র সাহা

টি, ভি, নং—

তারিখ— ২.৫.৯৫

মোট ষ্ট্যাম্প মূল্য— ৭০,৫০০

ট্রেজারী অফিস বারাসাত

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

5 APR 2004

Narayan ch Haldar

উত্তর ২৪ পরগণা অতিরিক্তি জেলা অবর বিধাননগর (সল্টলেক সিটি) নিবন্ধনকরন মোকাম এলাকাধীন মৌজা শুলংগুড়ি গ্রামে তৌজি ১৭৮ নং ভূক্ত হাল উর্দ্ধতন মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টর বাহাদুর অধিকারে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট হাল ২২৮ নং খতিয়ান ভূক্ত ২৯.৫ একর জমির বার্ষিক ৬২৯.৫ টাকা জমার মধ্যে হাল ৫৮০, ৫৮৮ ও ৫৯৬ নং দাগস্থিত ৩০.৪১ একর জমিজমা রায় বাহাদুর কানাই লাল নন্দী মহাশয়ের নিজ নামীয় সম্পত্তি থাকাবস্থায় কার্ত্তিক চন্দ্র শীল, বেনামদার মাখম লাল শীল, বেনামদার শ্রীমতী রেনুকা বালা শীল মহাশয়/মহাশয়াত্রয় বিগত ইংরাজী ৭/৩/১৯৫৬ তারিখ উত্তর ২৪ পরগণা অতিরিক্ত জেলা অবর কাশীপুর দমদম নিবন্ধনকরন মোকামে ১ নং বহির ৩৫ নং ভল্যুমের ২৬১ হইতে ২৭০ নং পাতায় লিপিবদ্ধ ২১১৫ নং নিবন্ধনকৃত এককেতা সাফ কোবালা দলিল দ্বারা উক্ত কানাই লাল নন্দী মহাশয়ের নিকট হইতে তাহার নিজ নামীয় সম্পত্তি উক্ত ৩০.৪১ একর সম্পত্তি খরিদ করিয়া ভোগবান ও দখলিকার থাকাবস্থায় রিভিশন্যাল জরীপে উক্ত খরিদা দখলী অনুসারে রেকর্ডভুক্ত হইয়াছে। তৎপর কার্ত্তিক চন্দ্র শীল ও অনিল চন্দ্র শীল মহাশয়দ্বয় তাহাদের বেনামদ্বয়ের নামে দেওয়ানী মোকর্দ্দমা উক্ত সম্পত্তি উক্ত কার্ত্তিক চন্দ্র শীল ও অনিল চন্দ্র শীল নিজ নিজ নামে স্বনাম করিয়া লইয়া কার্ত্তিক চন্দ্র শীল ২/৩ অংশে ও অনিল চন্দ্র শীল ১/৩ অংশে দখলকারি মালিক হইয়া ভোগবান থাকাবস্থায় তাহাদের বাকী খাজনা পরিশোধের নিমিত্ত নগদ টাকার আবশ্যক হওয়ায় বিগত ইংরাজী ০৫/০৫/১৯৭৩ তারিখ উত্তর ২৪ পরগণা অতিরিক্ত জেলা অবর কাশীপুর দমদম নিবন্ধন করন মোকামে ১ নং বহির ৫৫ নং ভল্যুমের ২৪৩ হইতে ২৪৫ নং পাতায় লিপিবদ্ধ ৩৩৮৩ নং নিবন্ধনকৃত এককেতা সাফ কোবালা দলিল মূলে অত্র দলিলের বায়া শ্রীমতী জয়া ঘোষ মহাশয়ার

(ক্রমশ——৪)

Addl. District Sub-Registrar
Bidhannagar(Salt Lake City)

1 5 APR 2004

Narayan Ch Haldar



নিকট কার্ত্তিক চন্দ্র শীল ও অনিল চন্দ্র শীল মহাশয়দ্বয় তাহাদের খাস দখলীয় সম্পত্তি মধ্যে নিম্ন তপশীল বর্ণিত ৬৬ শতক বা বাংলা মাপে ২ বিঘা জমি যাহার কাত বার্ষিক ১৪.৬৬ টাকা করের জমা, বিক্রয় করিয়া চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। উক্ত বিক্রীত ৬৬ শতক সম্পত্তিতে অত্র দলিলের পূর্ববায়া অর্থাৎ উক্ত শ্রীমতী জয়া ঘোষ মহাশয়া খরিদা স্বত্বে নিজ খাসে, নিব্যূঢ় স্বত্বে মালিক ও ভোগদখলিকারিণী থাকেন।

অতঃপর আমি অত্র দলিলের বিক্রেতা (শ্রী নারায়ণ চন্দ্র হালদার) ২৮/০৮/১৯৭৬ তারিখ উত্তর ২৪ পরগণা অতিরিক্তি জেলা অবর কাশীপুর দমদম নিবন্ধনকরন মোকামে ১ নং বহির ১০৭ নং ভল্যুমের ২৪ হইতে ২৭ নং পাতায় লিপিবদ্ধ ৫৯৭৯ নং নিবন্ধীত একক্ষেত্ত সাফ কোবালা দলিল মূলে উক্ত শ্রীমতী জয়া ঘোষ মহাশয়ার নিকট হইতে তাহার খরিদা হাল ২২৮ নং খতিয়ান ভুক্ত ৫৮০ নং দাগস্থিত ১০.৭৯ একর জমির মধ্য হইতে ৫৮ শতক, ৫৮৮ নং দাগস্থিত ০৩ শতক, ৫৯৬ নং দাগস্থিত ১১ শতক জমির মধ্য হইতে ০৫ শতক জমি, একুনে তিনটি দাগস্থিত ৬৬ শতক শালি জমি খরিদ করি।

এবং উক্ত জেলা উত্তর ২৪ পরগণা, থানা রাজারহাট, কলিকাতা পরগণা স্থিত, উত্তর ২৪ পরগণা অতিরিক্তি জেলা অবর বিধাননগর (সল্টলেক সিটি) নিবন্ধনকরন মোকাম এলাকাধীন মৌজা গুলংগুড়ি গ্রামে তৌজি ১৭৮ নং ভুক্ত হাল উর্দ্ধতন মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেক্টর বাহাদুর অধিকারে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট হাল ২২৮ ও কৃঃ ৩৮০, ১৭৩, টি. আর:/৬৭ নং খতিয়ান ভুক্ত ২৯.০৫ একর জমির কাত বার্ষিক ৬২৯.৫ টাকা জমার মধ্যে হাল ৫৮৯, ৫৯৪, ৫৯০ ও ৫৯১ নং দাগস্থিত এবং হাল ২০১ নং খতিয়ান ভুক্ত ১৮.৩০ একর জমির কাত বার্ষিক ৯৬.৫ টাকা জমার মধ্যে হাল ৬০১ নং দাগস্থিত সর্বমোট

ক্রমশ——৫)

Addl. District Sub-Registrar
Lake
05 APR 2004

Narayan ch Halder



১.৩২ একর শালি জমি যাহা অত্র দলিলের পূর্ববায়া শ্রী যাদব চন্দ্র হালদার তাহার বায়া শ্রী বলাই চন্দ্র নস্কর তাহার পূর্ববর্ত্তী বায়া শ্রী নারায়ণ কৃষ্ণ চক্রবর্ত্তী মহাশয়দ্বয় বিগত ইংরাজী ২৯/১১/১৯৭২ তারিখ উত্তর ২৪ পরগণা অতিরিক্ত জেলা অবর কাশীপুর দমদম নিবন্ধন করন মোকামে ১ নং বহির ৪৭৭০ নং নিবন্ধনকৃত এককেতা সাফ কোবালা দলিল মূলে শুলংগুড়ি নিবাসী শ্রী কার্ত্তিক চন্দ্র শীল ও অনিল চন্দ্র শীল মহাশয়দ্বয়ের নিকট হইতে খরিদ করিয়া খরিদা সূত্রে মালিক দখলিকার হইয়া খাসে ভোগবান থাকাকালে শ্রী অজিত কুমার মন্ডল মহাশয় বিগত ইংরাজী ৩০/১১/১৯৭২ তারিখ উত্তর ২৪ পরগণা অতিরিক্ত জেলা অবর কাশীপুর দমদম নিবন্ধন করন মোকামে ১নং বহির ১২ নং ভল্যুমের ২৭ হইতে ২৯ নং পাতায় লিপিবদ্ধ ৭৪৯১ নং নিবন্ধনকৃত এককেতা সাফ কোবালা দলিল মূলে উক্ত শ্রী নারায়ণ কৃষ্ণ চক্রবর্ত্তী মহাশয়ের নিকট হইতে তাহার খরিদা উক্ত ১.৩২ একর জমি খরিদ করিয়া নিজ খাসে পরিস্কার ও মুক্তাবস্থায় ভোগবান থাকাবস্থায় উক্ত ১.৩২ একর জমি ১/২ অংশ সমান ৬৬ শতক জমি অত্র দলিলের ১ম পূর্ববায়া উক্ত শ্রী বলাই চন্দ্র নস্কর বিগত ইংরাজী ৫/৩/১৯৭৫ তারিখ উত্তর ২৪ পরগণা অতিরিক্ত জেলা অবর কাশীপুর দমদম নিবন্ধন করন মোকামে ১নং বহির ৩৫ নং ভল্যুমের ২৫২ হইতে ২৫৫ নং পাতায় লিপিবদ্ধ ২০৯৮ নং নিবন্ধনকৃত এককেতা সাফ কোবালা দলিল মূলে উক্ত শ্রী অজিত কুমার মন্ডল মহাশয়ের নিকট হইতে খরিদ করেন। উক্ত ১.৩২ একর জমির বক্রী ১/২ অংশ সমান ৬৬ শতক জমি অত্র দলিলের ২য় পূর্ববায়া শ্রী সুদাম চন্দ্র নস্কর বিগত ইংরাজী ৫/৩/১৯৭৫ তারিখ উত্তর ২৪ পরগণা অতিরিক্ত জেলা অবর কাশীপুর দমদম নিবন্ধন করন মোকামে ১নং বহির ৩২ নং ভল্যুমের ২২৩ হইতে ২২৬ নং পাতায় লিপিবদ্ধ ২১০০ নং নিবন্ধনকৃত এককেতা সাফ কোবালা দলিল মূলে উক্ত শ্রী অজিত কুমার

(ক্রমশ——৬)

Addl. District Sub-Registrar
Bidhannagar, Salt Lake (City)

15 APR 2004

মন্ডল মহাশয়ের নিকট হইতে অত্র দলিলের উক্ত ১ম পূর্ববায়া শ্রী বলাই চন্দ্র নস্কর ও ২য় পূর্ববায়া শ্রী সুদাম চন্দ্র নস্কর মহাশয়দ্বয় একই তারিখে পৃথক পৃথক দুইকেতা দলিলে উক্ত ১.৩২ একর জমি খরিদ করিয়া ভোগদখল করিতে থাকাকালীন অত্র দলিলের দাতা শ্রী যাদব চন্দ্র হালদার বিগত ইংরাজী ৬/৪/১৯৭৯ তারিখ উত্তর ২৪ পরগণা অতিরিক্ত জেলা অবর কাশীপুর দমদম নিবন্ধন করন মোকামে ১নং বহির ৫৩ নং ভল্যুমের ১১৪ হইতে ১১৮ নং পাতায় লিপিবদ্ধ ২৪২৩ নং নিবন্ধনকৃত একেকেতা সাফ কোবালা দলিল মূলে উক্ত ১ম পূর্ববায়া বলাই চন্দ্র নস্কর ও ২য় পূর্ববায়া শ্রী সুদাম চন্দ্র নস্কর মহাশয়দ্বয়ের নিকট হইতে উক্ত ১.৩২ একর জমি খরিদ করিয়া ভোগদখল করিতে থাকেন।

অতঃপর আমি অত্র দলিলের বিক্রেতা (শ্রী নারায়ণ চন্দ্র হালদার) যথাক্রমে ১৪/১২/৮৭ তারিখ উত্তর ২৪ পরগণা অতিরিক্ত জেলা অবর বিধাননগর সল্ট লেক সিটি নিবন্ধনকরন মোকামে ১ নং বহির ১৪৮ নং ভল্যুমের ৩৮৫ হইতে ৩৯২ নং পাতায় লিপিবদ্ধ ৭৩৯৯ নং নিবন্ধীত একেকেতা সাফ কোবালা দলিল মূলে উক্ত শ্রী যাদব চন্দ্র হালদার মহাশয়ের নিকট হইতে তাহার খরিদা জমির মধ্য হইতে হাল ২২৮ ও কুঃ ৩৮০, ১৭৩, আর./৬৭ নং খতিয়ান ভুক্ত ৫৮৯ নং দাগস্থিত ০৩ শতক, ৫৯৪ নং দাগস্থিত ১৪ শতক, ৫৯০ নং দাগস্থিত ৪৩ শতক, ৫৯১ নং দাগস্থিত ৬৪ শতক এবং হাল ২০১ নং খতিয়ান ভুক্ত ৬০১ নং দাগস্থিত ০৮ শতক একুনে দুইটি খতিয়ান ভুক্ত ৫টি দাগস্থিত ১.৩২ একর শালি জমি খরিদ করি।

এবম প্রকারে আমি অত্র দলিলের বিক্রেতা (শ্রী নারায়ণ চন্দ্র হালদার) উপরোক্ত দুই কেতায় ১.৯৮ একর জমি খরিদ করিয়া খরিদা স্বত্বে, নিজ খাসে, নির্দ্দায়, নির্দ্দোষে, নির্ব্বিবাদে, অন্যের নিরাংশে মালিক তুল্যাংশে,

Addl. District Sub-Registrar
Bidhannagar, Salt Lake (City)

14 5 APR 2004

Narayan ch Halder

পরিস্কার ও মুক্তাবস্থায় দখলকার মালিক হইয়া ভোগবান আছি। যাহা আমার দান, বিক্রয় ও সর্বপ্রকার হস্তান্তর করিবার উত্তম স্বত্ব বিদ্যমান আছে।

এক্ষণে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারনে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় নিম্ন তপশীল বর্ণিত অত্র কোবালা দলিলের সহিত গ্রথীত ব্লু-প্রিন্ট নক্সায় লাল রেখা দ্বারা সীমাঙ্কিত ও নির্দেশিত "৯" নং প্লট ভূক্ত কমবেশী ২ কাঠা ৮ ছটাক সম্পত্তি বিক্রয়ের ঘোষণা করিলে আপনি তাহা লোক পরম্পরায় অবগত হইয়া ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা পণমুল্যে খরিদ করিতে চাহিলে আমি আপনার প্রস্তাবিত মূল্য বাজারের সর্ব্বোচ্চ মূল্য বিবেচনায় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনাকেই বিক্রয় করা উচিৎ বিবেচনা করিয়া আপনার নিকট হইতে উক্ত ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা নগদে গ্রহন করিয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনার নাম বরাবর সাফ বিক্রয় কোবালা দলিল লিখিয়া দিলাম ও বিক্রীত সম্পত্তি হইতে আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে চির নিঃস্বত্ববান ও দখলচ্যুত হইলাম এবং আপনাকে সম্পূর্ণরূপে খোলসা দখল প্রদান করিলাম।

আপনি অদ্যকার তারিখ হইতে আমার বিক্রীত সম্পত্তিতে যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলিকার নিযুক্ত হইয়া মালিকান সরকারে ও পঞ্চায়েত অফিসে আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন পূর্ব্বক গৃহাদি নির্ম্মাণ এবং দান, বিক্রয় ও সর্ব্বপ্রকার হস্তান্তর করিবার ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ মধ্যে কেহ কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিব না কিম্বা করিবেন না বা করিলেও তাহা সর্বতোভাবে সর্ব অফিস আদালতে, সর্বস্থানে অগ্রাহ্য, বাতিল ও নামঞ্জুর হইবেক।

বিক্রীত সম্পত্তিতে আমার যে সমস্ত স্বত্ব, স্বামিত্ব, সংশ্রব, লভ্য, হক হকিয়ত ও যাবতীয় ইজমেন্ট অধিকারাদি ছিল বা আছে তৎসমস্তই অদ্যকার তারিখ হইতে রদ, রহিত ও লোপ পাইয়া অত্র কোবালা দলিল বলে আমার হইতে আপনাতে বর্ত্তিল।

(ক্রমশ —— ৮)

Addl. District Sub-Registrar
Bidhannagar, Salt Lake City

15 APR 2004

Nazrul Islam Haldar

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি খোরাকির দায়ে নিলাম বিক্রয় হয় নাই বা উহা কোন মর্টগেজ আবদ্ধ সম্পত্তি নহে বা কোনরূপ একুইজিশান বা রিকুইজিশান বা স্কীমের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে এবং ইহার কোন অংশীদার/বে-নামদার/ভাগচাষী নাই।

বিক্রীত সম্পত্তি কোনপ্রকার দায়াবদ্ধ করি নাই বা করা নাই। উহা কোন মামলা, মোকর্দ্দমার বিষয়ভূক্ত বা আদালতের ক্রোকাবদ্ধ সম্পত্তি নহে।

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতিপূর্বে কাহারো নিকট বিক্রয় করি নাই বা বিক্রয় করিবার জন্য কাহারো সহিত কোন বায়নাপত্রে বা চুক্তি পত্রে সহি সম্পাদন করি নাই.

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সম্বন্ধে আমি পূর্ব্বে এমন কার্য্য করি নাই যাহার দ্বারা অত্র কোবালা সম্পাদনের ক্ষমতা কোন প্রকার ক্ষুন্ন হইতে পারে। ইহা সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ, নির্ব্বিবাদে ও পরিস্কার ও মুক্তাবস্থায় আমার নিজ খাসদখলে ও তত্ত্বাবধানে থাকাবস্থায় আপনার নিকট সাফ বিক্রয় করিলাম।

বিক্রীত সম্পত্তি রাইট টাইটেল সংক্রান্ত বিষয়ে ভবিষ্যতে কোন মামলা মোর্দ্দমার উদ্ভব হইলে তৎকারনে আমার কোন স্বাক্ষ্য বা জবানবন্দী দিবার প্রয়োজন হইলে তাহা আমাকে অবগত করাইলে আমি যে কোন অফিস আদালতে উপস্থিত হইয়া আপনার অনুকূলে শাক্ষ্য বা জবানবন্দী দিতে বাধ্য থাকিলাম বা থাকিবেক।

আপনার খরিদা স্বত্ব দখল কায়েম ও সুদৃঢ় করিবার নিমিত্তে আপনাকে আমি সকল প্রকার সহায়তা করিতে বাধ্য থাকিলাম বা থাকিবেক।

বিক্রীত সম্পত্তি সংক্রান্ত কোন ভ্রম থাকা প্রকাশ পাইলে তাহা আমাকে অবগত করাইলে আপনার নিকট হইতে কোন পণ বা পারিশ্রমিক না লইয়া আপনার খরচে ভ্রম সংশোধন দলিল সহি সম্পাদন ও নিবন্ধন করিয়া দিতে বাধ্য থাকিলাম বা থাকিবেক।

(ক্রমশঃ --৯)

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

5 APR 2004

Narayan ch Halder

যদ্যপি কশ্মিনকালে বিক্রীত সম্পত্তিতে আমার কোন উক্তি মিথ্যা বা তঞ্চকতা প্রমানিত হয় তবে প্রচলতি আইন আমলে আসিব এবং আপনার লিখিত মূল্য ও যাবতীয় ক্ষতি পূরণ সহ সমুদয় টাকা এককালীন ফেরৎ দিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, সরল অন্তকরনে, অন্যের বিনা প্ররোচনায়, বিনানুরোধে, বিনা বাধায় অত্র কোবালা দলিলের লিখিত ভাষা ও মর্ম সমূহ সম্যক অবগত হইয়া নিম্ন স্বাক্ষীগণের সম্মুখে অত্র কোবালা দলিলের নিম্ন জায়মতে সমস্ত টাকা নগদে বুঝিয়া পাইয়া অত্র কোবালা দলিল স্ব ইচ্ছায়, স্বজ্ঞানে নিজ নাম সহি সম্পাদন করিলাম। ইতি তাং বাংলা ১৪১১ সালের ২রা বৈশাখ, ইংরাজী ১৫/০৪/২০০৪ সাল।

## তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা উত্তর ২৪ পরগণা, থানা রাজারহাট, পরগণা কলিকাতা স্থিত, উত্তর ২৪ পরগণা অতিরিক্তি জেলা অবর বিধাননগর (সল্টলেক সিটি) নিবন্ধনকরন মোকাম এলাকাধীন জ্যাংড়া হাতিয়াড়া ২ নং গ্রাম পঞ্চায়েত অঞ্চলের অন্তর্গত মৌজা গুলংগুড়ি গ্রামে জে. এল. নং ২২, রেঃ সাঃ নং ১৯৬, তৌজি ১৭৮ নং ভূক্ত সাবেক মালিক জমিদার কানাই লাল নন্দী মাহাশয়ের স্থলে হাল উর্দ্ধতন মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেক্টর বাহাদুর অধিকারে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট হাল ২২৮ এবং ২০১ নং ও কৃঃ ৩৮০, ১৭৩, টি. আর./৬৭ নং খতিয়ান ভূক্ত.......

হাল ৫৯০ (পাঁচ শতনব্বই) নং দাগস্থিত আমার খরিদা ৪৩ শতক জমির মধ্য হইতে ১ কাঠা ৬ ছটাক জমি।

হাল ৫৯৪ (পাঁচ শত চুরানব্বই) নং দাগস্থিত আমার খরিদা ১৪ শতক জমির মধ্য হইতে ১ কাঠা ২ ছটাক জমি।

---

একুনে দুইটি দাগস্থিত বাংলা মাপে কমবেশী ২ (দুই) কাঠা ৮ (আট)

(ক্রমশ ——১০)

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

5 APR 2004

SIGNATURE OF THE PRESENTANT/ EXECUTANT/SELLER/ BUYER/CAIMENT WITH PHOTO

# UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B. - LH BOX-SMALL TO THUMB PRINTS
R.H. BOX- THUMB TO SMALL PRINTS

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| PHOTO<br>Narayan Ch. Halder | LH. | | | | | |
| | RH. | | | | | |

ATTESTED :- Narayan Chr Halder

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| PHOTO<br>Rita Das. | LH. | | | | | |
| | RH. | | | | | |

ATTESTED :- Rita Das.

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | LH. | | | | | |
| | RH. | | | | | |

ATTESTED :-

Addl. District Sub-Registr.
Bidhannagar (Salt Lake City)

5 APR 2004

ছটাক শালি জমি, যাহা অত্র কোবালা দলিলের সঙ্গে গ্রথিত ব্লু প্রিন্ট নক্সায় লাল রেখা দ্বারা সীমাঙ্কীত ও নির্দেশিত "১৭" নং প্লট ভূক্ত তাহা মায় যাবতীয় ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ অত্র কোবালা পত্রের কোবালাকৃত সম্পত্তি হইতেছে। যাহার খাজনা পশ্চিমবঙ্গ ল্যান্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে ধার্য্যকৃত।

অত্র কোবালা দলিলের সঙ্গে গ্রথিত ব্লু প্রিন্ট নক্সাখানি অত্র কোবালা দলিলের একাংশ বলিয়া গণ্য ও বিবেচিত হইবেক।

## চৌহদ্দি

**উত্তরে** ঃ- স্কীম প্লট নং ১৬ ও আর. এস. দাগ নং ৫৯২ ।

**দক্ষিনে** ঃ- ৩+৬+৩ = ১২ ফুট চওড়া কমন রাস্তা।

**পূর্বে** ঃ- ৩+৬+৩ = ১২ ফুট চওড়া কমন রাস্তা ও স্কীম প্লট নং ১৮।

**পশ্চিমে**ঃ- ৩+৬+৩ = ১২ ফুট চওড়া কমন রাস্তা।

অত্র দলিল সাথ দাতা ও গ্রহীতার দশ আঙ্গুলের টিপ ছাপ ও ছবি দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

## প্রাপ্ত টাকার জায়

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এর মাধ্যমে ০০৮৬৯৪ নং ব্যাঙ্ক ড্রাফট -এর দ্বারা ২৫,০০০.০০ (পচিশ হাজার) এককালীন বুঝিয়া পাইলাম।

Narayan ch Halder
কোবালা দাতার স্বাক্ষর।

**মোসাবিদাকারক ঃ-**
[signature]
(দেবব্রত হালদার)
এ্যাডভোকেট
বারাসাত জাজেস কোর্ট।
এফ. নং - ৯৬০/২০০০।

**কম্পিউটার মুদ্রাক্ষরিক ঃ-**
[signature]
(প্রদীপ কুমার হালদার)
বারাসাত।

**ইসাদী ঃ-**
১)
২)

Registered in Book No. 1
Volume No. 148
Pages 182 to 196
Being No. 2409
for the year 07


Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

15 APR 2004

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

21.4.2008

LAND PLOTING PLAN PART OF R.S. DAG NO. 591, 590, 601 & R.S. DAG NO. 594,R.S.KH.NO. 228,261, MOUZA - SULANDARI, J.L.NO. 22, L.R.KH.NO. 380, P.S.- RAJARHAT, DISTT.- NORTH 24-PGS.




| PLOT NO. | AREA OF PLOT |
|---|---|
| | |

VENDEE:- Narayan ch Haldar

VENDOR:-

Book No. ..........
Volume No. ..........
Pages .......... to ..........
Being No. ..........
for the year ..........

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

15 APR 2004